

# ডাকসু নির্বাচনে শিবিরের প্যানেলে লড়বেন স্বামী-স্ত্রী

অনলাইন ডেস্ক



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচনে ইসলামী ছাত্রশিবিরের প্যানেল থেকে লড়বেন এক দম্পতি। সোমবার (১৮ আগস্ট) সংগঠনটির প্রকাশিত প্যানেল প্রার্থী হিসেবে মনোনয়ন পেয়েছেন এই দম্পতি।

জানা যায়, ডাকসু নির্বাচনে শিক্ষার্থী রায়হান উদ্দিন কেন্দ্রীয় সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন। অন্যদিকে তাঁর স্ত্রী উম্মে সালমা কমন রুম ও রিডিং সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

রায়হান ২০১৮-১৯ সেশনের ইংরেজি বিভাগের এবং উম্মে সালমা একই বিভাগের ২০২০-২১ সেশনের শিক্ষার্থী।

রায়হান উদ্দিন বলেন, “আমি এবং আমার স্ত্রী শিবিরের প্যানেলের ‘ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোট’ থেকে মনোনয়ন পেয়েছি। আমরা আগেও

শিক্ষার্থীদের জন্য কাজ করেছি। নির্বাচিত হলেও শিক্ষার্থীদের জন্য  
কাজ করে যাব।

”

এদিকে ডাকসু নির্বাচনের মনোনয়ন ফরম সংগ্রহের শেষ দিন  
সকাল থেকেই উৎসবমুখর পরিবেশে মনোনয়নপত্র সংগ্রহ ও জমা  
দিচ্ছেন পদপ্রার্থীরা।